

রূপকল্প, অভিলক্ষ্য, পটভূমি ও অর্পিত দায়িত্ব

চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর সরকারের একটি অন্যতম গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান। বিশেষ প্রকাশনা ও প্রামাণ্য ও চলচ্চিত্র নির্মাণের মাধ্যমে সরকারের অনুসৃত ও উন্নয়ন কার্যক্রমে জনগণকে সমপৃক্ত করা এ প্রতিষ্ঠানের মূল লক্ষ্য। তিনটি নিয়মিত প্রকাশনা-সচিত্র বাংলাদেশ, নবাবুণ ও বাংলাদেশ কোয়ার্টারলি এবং এ্যাডহক প্রকাশনার মাধ্যমে সরকারের উন্নয়নমূলক কর্মকান্ড ছাড়াও দেশের ইতিহাস ও ঐতিহ্য বিষয়ে প্রামাণ্যচিত্র নির্মাণ, প্রবন্ধ-নিবন্ধ ও পুস্তক প্রকাশ করা হয়ে থাকে। বিভিন্ন জাতীয় দিবস ও গুরুত্বপূর্ণ দিবসসমূহে পোস্টার ও ক্রোড়পত্র প্রকাশ করা হয়। এছাড়াও মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর দৈনন্দিন রাষ্ট্রীয় কর্মকান্ড সম্পর্কিত সংবাদচিত্র ও বিশেষ সংবাদচিত্র এবং বিভিন্ন জনগুরুত্বপূর্ণ বিষয়ে প্রামাণ্যচিত্র নির্মাণ করা হয়। এ অধিদপ্তর সারাদেশ থেকে প্রকাশিত সকল দৈনিক, সাপ্তাহিক, পাক্ষিক, মাসিক, ত্রৈমাসিক, ষাণ্মাসিক ও বার্ষিক পত্রিকার নামের ছাড়পত্রসহ নিবন্ধন করা ছাড়াও মিডিয়া তালিকাভুক্ত করা এবং পত্রিকার সার্কুলেশন, নিউজপ্রিন্ট কোটা ও বিজ্ঞাপন হার নির্ধারণসহ ওয়েজ বোর্ড রোয়েদাদ বাস্তবায়ন নিয়মিত ভাবে মনিটর করে থাকে।